সংবাদ

29 JAN 2017
2 2

# জাতি গঠনে শিক্ষার পাশাপাশি খেলাধুলা প্রয়োজন

## —— অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি

**স্টাফ রিপোর্টার,** *নবাবগঞ্জ*

উন্নত জাতি গঠনে শিক্ষা ও খেলাধুলা দুটোরই প্রয়োজন রয়েছে। তাই ছেলেমেয়েদের পড়ালেখার পাশাপাশি খেলাধুলায় পারদর্শী হতে হবে। শনিবার দুপুরে ঢাকার নবাবগঞ্জ উপজেলার চুড়াইন খেলার মাঠে তারিনীবামা উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সাবেক মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি এ কথা বলেন।

সালমা ইসলাম এমপি বলেন, আজকের শিশুরাই আগামী দিনের পথপ্রদর্শক। তাদের সুনাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। তাদের মাদকের ভয়াবহতা থেকে পরিত্রাণ পেতে খেলাধুলার মতো সৃজনশীল কাজে মনোনিবেশ করতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ গড়ার যে প্রত্যয়, তা অনুসরণ করে আমরা এগিয়ে যেতে চাই। স্বনির্ভর জাতি গড়তে তরুণদের মেধাবিকাশের বিকল্প নেই।

সংসদ সদস্য সালমা ইসলাম একই দিন নবাবগঞ্জের হরেকৃষ্ণ কুসুমকলি উচ্চ বিদ্যালয়ের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন। এ সময় তিনি প্রতিটি বিদ্যালয়ের উন্নয়ন খাতে ব্যক্তিগত তহবিল থেকে নগদ ৫০ হাজার করে এক লাখ টাকা অনুদান দেন।

এ ছাড়া তিনি প্রায় ৭০ লাখ টাকা ব্যয়ে কলাকোপা ইউনিয়নের শুরগঞ্জ-বালুচর সড়কের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। সালমা ইসলাম এমপি উন্নয়নের ক্ষেত্রে বিভেদ না রেখে সবাইকে সহযোগিতার আহ্বান জানান।

এ সময় উপস্থিত ছিলেন নবাবগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা শাকিল আহমেদ, আওয়ামী লীগ জাতীয় কমিটির নেতা আবদুল বাতেন মিয়া, ব্যারিস্টার এনায়েত বাতেন, প্রকৌশলী মো. শাজাহান, ইউপি চেয়ারম্যান ইব্রাহীম খলিল, অধ্যক্ষ সাইদুর রহমান, জাতীয় পার্টি নেতা হুমায়ুন কবির, জুয়েল আহমেদ, জাহাঙ্গীর চোকদার, প্রধান শিক্ষক অরুণ চন্দ্র মণ্ডল, দেওয়ান মাকসুদ আলী, আবুল হোসেন মোড়ল, গাজী বেলায়েত হোসেন, এসএম সাইফুল ইসলাম, এমএ মজিদ, আসাদুজ্জামান রানা, আনোয়ার হোসেন মোড়ল, আবদুল গফুর, মো. সেলিম, শফিকুল ইসলাম স্বপন, সাহের মেম্বার, আসমা আক্তার রুমি, তাজমিনা আহমেদ, ইফতিয়াজ মাসুদ, ইমরান হোসেন, খলিল দেওয়ান, পনির মণ্ডল, সাগর মণ্ডল, শ্রীকৃষ্ণ সাহা, রাকিব হোসেন প্রমুখ।